

নোবিপ্রবিতে আন্তর্জাতিক সিম্পোজিয়াম অনুষ্ঠিত

নোয়াখালী প্রতিনিধি

: বুধবার, ২১ জুন ২০২৩

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ‘সাসটেনেবল ডেভেলপমেন্ট ইন লাইফ সায়েন্সেস’ শীর্ষক আন্তর্জাতিক সিম্পোজিয়াম অনুষ্ঠিত হয়েছে। বুধবার নোবিপ্রবির বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে এ সিম্পোজিয়াম অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদ এ সিম্পোজিয়ামের আয়োজন করে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ মোহাম্মদ আব্দুল বাকী প্রধান অতিথি হিসেবে আন্তর্জাতিক এ সিম্পোজিয়ামের উদ্বোধন করেন। নোবিপ্রবির বিজ্ঞান অনুষদের ডিন ও সিম্পোজিয়াম আয়োজক কমিটির আহ্বায়ক প্রফেসর ড. আতিকুর রহমান ভূঞার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক ও মাইক্রোবায়োলজি বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. ফিরোজ আহমেদ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. মোঃ মোহাম্মদ আব্দুল বাকী বলেন, উন্নত দেশের বিশ্ববিদ্যালয়গুলোয় মাস্টার্স

শিক্ষার্থীদের গবেষণা কর্ম উপস্থাপনের জন্য নানা সেমিনার, সিম্পোজিয়াম ও কনফারেন্সের আয়োজন করা হয়। দেশে বর্তমান সরকারও গবেষণা খাতকে বেশ অগ্রাধিকার দিচ্ছে। এক্ষেত্রে নোবিপ্রবির বিজ্ঞান অনুষদের সিম্পোজিয়াম আয়োজনের এ উদ্যোগ সত্যিই প্রশংসনীয়। প্রতি বছরই এ ধরনের গবেষণাধর্মী আয়োজন করা প্রয়োজন। বিশ্ববিদ্যালয়ের অন্যান্য অনুষদ, বিভাগ ও ইনস্টিটিউটগুলোও এ ধরনের কর্মসূচি গ্রহণ করতে পারে।

বিশেষ অতিথির বক্তব্যে প্রফেসর ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, বর্তমান সরকার স্মার্ট বাংলাদেশ গড়ার যে উদ্যোগ নিয়েছে তা বাস্তবায়নে বিশ্ববিদ্যালয়গুলোর অনেক ভূমিকা রাখতে হবে। এক্ষেত্রে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক একটি বিশেষায়িত উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসেবে নোবিপ্রবির পক্ষ থেকে বিভিন্ন ধরনের বৈজ্ঞানিক কর্মসূচি গ্রহণের মাধ্যমে নতুন নতুন উদ্ভাবন ও নীতি গ্রহণে অবদান রাখার সুযোগ রয়েছে। আজকের এ সিম্পোজিয়াম তেমনই একটি আয়োজন। এ ধরনের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমেই গড়ে উঠবে প্রযুক্তিনির্ভর স্মার্ট বাংলাদেশ।

দিনব্যাপী এ সিম্পোজিয়ামে বিভিন্ন বিষয়ের ওপর প্লেনারি, ওরাল ও পোস্টার সেশন অনুষ্ঠিত হয়। এসব সেশনে শিক্ষক ও গবেষকগণ তাদের গবেষণা কর্ম উপস্থাপন করেন। এতে প্লেনারি স্পিকার হিসেবে ভার্চুয়ালি অংশ নেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোঃ তোফাজ্জল ইসলাম।